তারিখ ........
পৃষ্ঠা ........ কলাম ........
০৩ 2002

# সুষ্ঠু তদন্তের স্বার্থে ঢাকা ভার্সিটি খুলে দেয়ার জন্য শতাধিক শিক্ষকের যুক্ত বিবৃতি

ইত্তেফাক রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষক গতকাল সোমবার এক যুক্ত বিবৃতিতে শামসুন্নাহার হলের ঘটনা সুষ্ঠু তদন্তের স্বার্থে, অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী করেছেন। বিবৃতিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে ছাত্রীদের উপর বর্বর পুলিশী হামলা তদন্তের জন্য বিচার বিভাগীয় তদন্ত কমিশন তার কার্যক্রম শুরু করেছে। কিন্তু বিশ্ববিদ্যালয় বন্ধ রেখে সুষ্ঠু তদন্ত সম্ভব নয়। কেননা এতে সাধারণ ও নিরপেক্ষ ছাত্রীরা বিশেষত ঢাকার বাইরে অবস্থানকারী ছাত্রীরা কমিশনের কাছে তাদের সাক্ষ্য দেয়ার অধিকার থেকে বঞ্চিত হবে। বিবৃতিতে স্বাক্ষরদানকারী শিক্ষকবৃন্দ হলেনঃ অধ্যাপক একে আজাদ চৌধুরী, অধ্যাপক মোঃ শাহাদাত আলী, অধ্যাপক মেসবাহ উদ্দিন আহমেদ, অধ্যাপক কে এ এ সাদ উদ্দিন, অধ্যাপক (১৯শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সুষ্ঠু তদন্তের স্বার্থে ঢাকা

(শেষ পৃঃ পর)

আনোয়ার হোসেন, অধ্যাপক সৈয়দ আনোয়ার হোসেন, অধ্যাপক সুলতানা শফি, অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য, অধ্যাপক রাজীব হুমায়ুন, অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী, অধ্যাপক আরেফিন সিদ্দিক প্রমুখ।

### নির্যাতন বিরোধী ছাত্র-ছাত্রী

এদিকে নির্যাতন বিরোধী ছাত্র-ছাত্রীবৃন্দ গতকাল এক বিবৃতিতে বলেছেন, শামসুন্নাহার হলের সাক্ষ্যদানকারী ছাত্রীদের হুমকি প্রদান ও হয়রানি বন্ধ করার আহবান জানিয়েছে। বিবৃতিতে বলা হয়, আমরা জানতে পেরেছি যে, শামসুন্নাহার হলের ঘটনার প্রেক্ষিতে গঠিত বিচার বিভাগীয় কমিশনে ছাত্রীরা সাক্ষ্য দিতে গেলে তারা চিহ্নিত সন্ত্রাসীদের দ্বারা হয়রানির শিকার হচ্ছে। সাক্ষ্যদানকারী ছাত্রীদের বাসায় টেলিফোন করেও হুমকি-ধমকি দেয়া হচ্ছে। এই ঘটনা মোটেই কাম্য নয়।

### ছাত্রমৈত্রী

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে বাংলাদেশ ছাত্র মৈত্রী গতকাল মুক্তাঙ্গনের সামনে বই মিছিল ও সমাবেশের আয়োজন করে। মামুনুর রশীদ ও ফারুক হোসেন সমাবেশে বক্তৃতা করেন। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, জাতীয় ছাত্রদল গতকাল পৃথক বিবৃতিতে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী করেছে।

### ছাত্রলীগ

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছে ছাত্রলীগ। ছাত্রলীগ একইসাথে শামসুন্নাহার হলের প্রভোষ্ট ডঃ সুলতানা শফিসহ ১৮ ছাত্রীর বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারের দাবী জানিয়েছে। ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোঃ সাইফুজ্জামান শিখর গতকাল সোমবার এক যুক্ত বিবৃতিতে উল্লেখিত দাবী আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখবে বলে জানিয়েছে।

### বামপন্থী ছাত্র সংগঠক

গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি এবং চলমান আন্দোলন সম্পর্কে বামপন্থী ছাত্র সংগঠনসমূহের এক মতবিনিময় সভায় বামনেতৃবৃন্দ অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়েছে। ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক মোঃ নূর আলম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ছাত্রমৈত্রীর সভাপতি সাব্বাহ আলী খান, ছাত্র ফেডারেশন সভাপতি ফিরোজ আহমেদ, প্রকাশ দত্ত, হাসান ইমাম রুবেল প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি